



আজ সন্ধ্যায় জুলাই সনদে স্বাক্ষর করবে এনসিপি



সংগৃহীত ছবি

জুলাই সনদে আনুষ্ঠানিকভাবে যুক্ত হচ্ছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। সোমবার সন্ধ্যায় রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনা দলটি সনদে স্বাক্ষর করবে। দলীয় সূত্র জানায়, সন্ধ্যা ৬টায় শুরু হওয়া এ অনুষ্ঠানে ছয় সদস্যের একটি প্রতিনিধি দল অংশ নেবে। প্রতিনিধি দলের নেতৃত্বে থাকবেন দলের আহ্বায়ক নাহিদ ইসলাম। তার সঙ্গে উপস্থিত থাকবেন সদস্য সচিব আখতার হোসেন, যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুয়ার, জাভেদ রাসিন ও মনিরা শারমিন। এছাড়া যুগ্ম সচিব জহিরুল ইসলামও অনুষ্ঠানে থাকবেন। দলের নেতারা জানান, জুলাই সনদে স্বাক্ষরের মাধ্যমে চলমান রাজনৈতিক প্রক্রিয়ায় আনুষ্ঠানিক অবস্থান স্পষ্ট করবে এনসিপি।

LENS ASIA